মেহেরপুরে অসহায়দের মাঝে ঈদের বাজার সামগ্রী বিতরণ

মেহেরপুরে হিউম্যান ওয়েলফেয়ার ফাউন্ডেশনের উদ্যোগে “ঈদের খুশি প্রতিটি ঘরে” শীর্ষক মানবিক কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

কর্মসূচির আওতায় সংগঠনের স্বেচ্ছাসেবীরা মেহেরপুরের অতিদরিদ্র ও অসহায় পরিবারগুলো চিহ্নিত করে তাদের বাড়িতে গিয়ে ঈদের বাজার সামগ্রী বিতরণ করেন। এই আয়োজন সম্পন্ন করতে স্বেচ্ছাসেবীরা তহবিল সংগ্রহের মাধ্যমে উপহার সামগ্রী প্রস্তুত করেন। উপহার সামগ্রীর মধ্যে ছিল গরুর মাংস, পোলাও চাল, ডাল, সয়াবিন তেল, চিনি, মসলা, গুঁড়া দুধ ও আলু।

উদ্বোধনী অনুষ্ঠানে হিউম্যান ওয়েলফেয়ার ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক সৈয়দ মাহফুজুর রহমান বলেন, “জনস্বার্থে আমাদের মানবিক কার্যক্রম অব্যাহত থাকবে। মানুষের দোয়া ও সমর্থনই আমাদের এগিয়ে যাওয়ার প্রেরণা।”

এ সময় উপস্থিত ছিলেন ফান্ডরাইজিং অ্যান্ড গ্রান্ট ম্যানেজমেন্ট বিভাগের আহমেদ হোসাইন, মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশনস বিভাগের বৃষ্টি মুন্সি, হিউম্যান রিসোর্স বিভাগের আনাস আহমেদ ও আলফিও বালা, হেড অব কো-অর্ডিনেটর মুবারক হোসাইন, পাবলিক রিলেশনস বিভাগের নাসিম আহমেদ, সুমাইয়া শিমু, শেখ সাকিবসহ আরও অনেকে।

সংগঠনটি দীর্ঘদিন ধরে সমাজের অবহেলিত ও অসহায় মানুষের পাশে দাঁড়িয়ে মানবিক কর্মকাণ্ড চালিয়ে আসছে।

মেহেরপুর জেনারেল হাসপাতালে এমপির ইসিজি মেশিন প্রদান

মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য তাজউদ্দীন খানের উদ্যোগে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে দুটি অত্যাধুনিক ইসিজি

মেশিন প্রদান করা হয়েছে।

দীর্ঘদিন ধরে হাসপাতালে ইসিজি মেশিনের স্বল্পতা থাকায় রোগীরা ভোগান্তির শিকার হচ্ছিলেন। বিষয়টি সংসদ সদস্যের নজরে আসার সাথে সাথেই তিনি দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন।

সংসদ সদস্যের পক্ষ থেকে ইসিজি মেশিন দুটি হাসপাতাল কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করেন জেলা জামায়াতের সেক্রেটারি মোঃ ইকবাল হুসাইন, পৌর জামায়াতের আমির সোহেল রানা ডলার ও জামায়াতের জেলা ব্যবসায়ী বিভাগের সভাপতি সাইফুল ইসলাম।

এ উদ্যোগে হাসপাতালের রোগী ও স্বাস্থ্যকর্মীরা সন্তোষ প্রকাশ করেন এবং এটি রোগীদের স্বাস্থ্যসেবায় ভূমিকা রাখবে বলে আশা প্রকাশ করা হয়।

মেহেরপুরের কুতুবপুরে অসহায় পরিবারের মাঝে ঈদ উপহার বিতরণ

মেহেরপুরের কুতুবপুর ইউনিয়নে তুর্কি দাতব্য সংস্থার উদ্যোগে ১০০টি অসহায় পরিবারের মাঝে ঈদ উপহার বিতরণ করা হয়েছে।

বুধবার এ আয়োজন কুতুবপুর কে. আর. আর. এস. মাধ্যমিক বিদ্যালয়ে সম্পন্ন হয়।

এসময় উপস্থিত ছিলেন পরার্থ ফাউন্ডেশনের আহ্বায়ক রাহিদুজ্জামান, ফেরদাউস, উপদেষ্টা মুহাদ্দিস এবং বিদ্যালয়ের প্রধান শিক্ষক বজলুর রশিদ।

বক্তারা বলেন, এটি কোনো দান, সাদকা বা ত্রাণ নয়; সামাজিক দায়বদ্ধতা থেকে প্রতিটি মানুষকে উচিত মানুষের কল্যাণে কাজ করা, সুখে-দুঃখে পাশে থাকা।

উক্ত আয়োজনটি পরার্থ ফাউন্ডেশনের সার্বিক সহযোগিতায় সম্পন্ন হয়েছে।

গাংনীতে আদর্শ শিক্ষক ফেডারেশনের ইফতার মাহফিল

পবিত্র মাহে রমজানের তাৎপর্য ও ধর্মীয় চেতনা জাগ্রত করতে মেহেরপুরের গাংনীতে বাংলাদেশ আদর্শ শিক্ষক ফেডারেশন, গাংনী উপজেলা শাখার উদ্যোগে এক আড়ম্বরপূর্ণ ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকেলে গাংনী কেন্দ্রীয় ঈদগাহ মাঠে আয়োজিত এ মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ও মেহেরপুর জেলা জামায়াতের আমির মাওলানা তাজ উদ্দিন খান। প্রধান আলোচক হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য নাজমুল হুদা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা জামায়াতের আমির মোঃ রবিউল ইসলাম। এছাড়াও মেহেরপুর জেলা আদর্শ শিক্ষক ফেডারেশনের সভাপতি আল আমিন ইসলাম (বকুল) বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গাংনী উপজেলা আদর্শ শিক্ষক ফেডারেশনের সভাপতি আবুল হাশেম।

ইফতার মাহফিলে বক্তারা বলেন, রমজান হলো আত্মশুদ্ধি, সংযম ও মানবিক মূল্যবোধ গঠনের এক মহিমান্বিত মাস। এ মাসের শিক্ষা কাজে লাগিয়ে ব্যক্তি ও সমাজজীবনে ন্যায়-নীতি, সততা ও ভ্রাতৃত্ববোধ প্রতিষ্ঠার ওপর গুরুত্বারোপ করেন তারা। পাশাপাশি দেশের শিক্ষা ব্যবস্থার উন্নয়ন ও নৈতিক শিক্ষার প্রসারে শিক্ষক সমাজকে আরও দায়িত্বশীল ভূমিকা পালনের আহ্বান জানান।

এ সময় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান, শিক্ষক, সাংবাদিকসহ স্থানীয় আদর্শ শিক্ষক ফেডারেশনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

ইফতারের পূর্বে দেশ, জাতি ও মুসলিম উম্মাহর শান্তি, সমৃদ্ধি ও কল্যাণ কামনায় বিশেষ দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়।

উল্লেখ্য, বাংলাদেশ আদর্শ শিক্ষক ফেডারেশন নিয়মিতভাবে এ ধরনের

ধর্মীয় ও সামাজিক কর্মসূচি আয়োজন করে আসছে, যা সমাজে সৌহার্দ্য ও সম্প্রীতি বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

রমজানের শিক্ষায় সবাইকে নিয়ে দেশ গঠনে অঙ্গীকারবদ্ধ এনসিপি

মেহেরপুরের পিরোজপুর ইউনিয়নে রোজাদারদের অংশগ্রহণে এনসিপির দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অ্যাডভোকেট সাকিল আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, “রমজানের শিক্ষায় সবাইকে নিয়ে দেশ গঠনে কাজ করবে এনসিপি।” এই মহৎ উদ্দেশ্যে এনসিপি সর্বদা মানুষের পাশে থেকে সহনশীলতা ও ঐক্যের বার্তা ছড়িয়ে দিতে বদ্ধপরিকর।

উক্ত মাহফিলে সভাপতিত্ব করেন পিরোজপুর ইউনিয়নের চেয়ারম্যান পদপ্রার্থী আব্দুস সালাম।

ইফতারের পূর্ব মুহূর্তে এক বিশেষ মোনাজাতের মাধ্যমে দেশ ও মুসলিম উম্মাহর শান্তি কামনা করা হয়।

দর্শনায় পুরাতন বাজার সমাজ কল্যাণ সংঘের নতুন অফিস উদ্বোধন

দর্শনায় পুরাতন বাজার সমাজ কল্যাণ সংঘের নতুন অফিস উদ্বোধন ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকাল ৫টায় পুরাতন বাজারস্থ সোসাইটি চত্বরে সংগঠনের নতুন অফিস উদ্বোধন ও ইফতার মাহফিলের আয়োজন করা হয়।

এ সময় নতুন অফিসের লাল ফিতা কেটে উদ্বোধন করেন দর্শনা পৌর বিএনপির সমন্বয়ক ও সংগঠনের সভাপতি এনামুল হক মুকুল শাহ্। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সংগঠনের সাধারণ সম্পাদক উত্তম রঞ্জন দেবনাথ, সহ-সভাপতি রমিজ মল্লিক, আরিফুল্লাহ তরফদারসহ সংগঠনের সকল সদস্যবৃন্দ এবং সম্মানিত উপদেষ্টা পরিষদের সদস্যরা।

উদ্বোধন শেষে দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

দর্শনায় অসহায় শিশুদের মাঝে ঈদের পোশাক বিতরণ

দর্শনায় ভালোবাসার বন্ধন সংগঠনের উদ্যোগে অসহায় শিশুদের মাঝে ঈদের পোশাক বিতরণ করা হয়েছে।

প্রতিবারের ন্যায় এবারও সংগঠনটি অসহায় শিশুদের সঙ্গে ঈদের আনন্দ ভাগাভাগি করতে তাদের জন্য নতুন পোশাক উপহার দেয়।

এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংগঠনের প্রতিষ্ঠাতা আরিফ তরফদার। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সংগঠনের উপদেষ্টা মমিনুল ইসলাম, সভাপতি রাসেল আহমেদ শাওন, সহ-সভাপতি নুরুন্নবী সুমন ও হাসেম, সাধারণ সম্পাদক আয়নাল হক, স্বাস্থ্য বিষয়ক সম্পাদক ডা. ফাতেমা খাতুন লাকি, নির্বাহী সদস্য আশরাফুল হকসহ অন্যান্য সদস্যরা।

বক্তারা বলেন, এভাবেই দীর্ঘদিন ধরে ভালোবাসার বন্ধন সমাজ ও মানবতার সেবায় কাজ করে আসছে এবং ভবিষ্যতেও এ ধরনের কার্যক্রম অব্যাহত থাকবে।

দর্শনা পৌর ও সরকারি কলেজ ছাত্রদলের ইফতার মাহফিল

দর্শনা পৌর ও দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের উদ্যোগে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সন্ধ্যায় দর্শনা হাসেম প্লাজা মার্কেটের দ্বিতীয় তলার ফুড প্যালেস রেস্টুরেন্টে এ ইফতার মাহফিলের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা ছাত্রদলের সভাপতি মোঃ শাহজাহান খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দর্শনা প্রেসক্লাবের সভাপতি ইকরামুল হক পিপুল।

এছাড়াও অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ছাত্রদলের সাবেক আহ্বায়ক ফয়সাল ইকবাল, বর্তমান সাধারণ সম্পাদক মোঃ আকরামুল হোসেন সবুজ, চুয়াডাঙ্গা জেলা জিয়া প্রজন্ম দলের সহ-সভাপতি তরিকুল ইসলাম মিলন, ইব্রাহিম সুমন, সহ-সাংগঠনিক সম্পাদক সুমন হোসেন, দর্শনা পৌর ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক মোঃ রানা (মাসুদ রানা জুয়েল), দর্শনা পৌর স্বেচ্ছাসেবক দলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক কামরুল হাসান সজিব, দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক লিখন হাসান, দপ্তর সম্পাদক রাকিবুল হাসান রিফাতসহ মুস্তাকিম, ইয়াসিন, মোঃ কায়েব, মোঃ মুন্না, মোঃ সায়েম, ফয়সাল প্রমুখ।

অনুষ্ঠানে বক্তারা সংগঠনের ঐক্য ও কার্যক্রম আরও শক্তিশালী করার ওপর গুরুত্বারোপ করেন এবং ভবিষ্যতে সংগঠনকে আরও গতিশীল করার আহ্বান জানান।

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা ও দামুড়হুদায় বিএনপির দুই শীর্ষ নেতা বহিষ্কার

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) এর দলীয় শৃঙ্খলা ভঙ্গ ও দলীয় স্বার্থবিরোধী কর্মকাণ্ডে লিপ্ত থাকার অভিযোগে চুয়াডাঙ্গা জেলার দুইজন গুরুত্বপূর্ণ নেতাকে সাময়িক বহিষ্কার করা হয়েছে। গতকাল বুধবার চুয়াডাঙ্গা জেলা বিএনপির প্যাডে জেলা সভাপতি ও সাধারণ সম্পাদকের যৌথ স্বাক্ষরিত বিজ্ঞপ্তির মাধ্যমে এই সিদ্ধান্ত জানানো হয়।

বহিষ্কৃত দুজন নেতা হলেন আলমডাঙ্গা পৌর বিএনপির সাধারণ সম্পাদক জিল্লুর রহমান ওল্টু ও দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির।

বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে বাংলাদেশ জাতীয়তাবাদী দলের শৃঙ্খলা ভঙ্গ এবং বিভিন্ন দলীয় কর্মকাণ্ড বিরোধী কার্যকলাপে জড়িত থাকার অপরাধে জেলা বিএনপির সিদ্ধান্ত মোতাবেক এই পদক্ষেপ নেওয়া হয়েছে। ১৮ মার্চ ২০২৬, সোমবার থেকে উল্লিখিত দুই নেতাকে তাদের স্ব-স্ব দলীয় পদসহ দলের সকল পর্যায়ের পদ থেকে সাময়িক বহিষ্কার করা হয়েছে।

বিজ্ঞপ্তির সত্যতা নিশ্চিত করে জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক শফিকুল ইসলাম পিটু বলেন, দল থেকে তাদেরকে বার বার সতর্ক করার পরেও তারা দলীয় শৃঙ্খলা ভঙ্গ করেছে। যার ফলশ্রুতীতে এই আদেশ এসেছে।

মুজিবনগরে গুম-খুনে ক্ষতিগ্রস্ত পরিবারে বিএনপির

ঈদ উপহার বিতরণ

পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) এর ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের পক্ষ থেকে মেহেরপুরের মুজিবনগরে ঈদ উপহার সামগ্রী বিতরণ করা হয়েছে।

উপজেলা বিএনপির কার্যালয়ে আয়োজিত এ কর্মসূচিতে ফ্যাসিস্ট শাসনামলে গুম, খুন ও নিহত পরিবারের সদস্যদের মাঝে এসব উপহার বিতরণ করা হয়। উপজেলা বিএনপির সভাপতি ও সাবেক চেয়ারম্যান আমিরুল ইসলামের নেতৃত্বে উপহার সামগ্রী বিতরণ কার্যক্রম সম্পন্ন হয়।

এ সময় উপস্থিত ছিলেন বাগোয়ান ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলাম, উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক হারুনুর রশিদ, উপজেলা যুবদলের সদস্য সচিব আনারুল ইসলাম, মোনাখালী ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক সুরুজ খান, উপজেলা বিএনপির সহ-সভাপতি আনোয়ারুল ইসলাম মাস্টার, বিএনপি নেতা রবিউল ইসলামসহ স্থানীয় নেতাকর্মীরা।

অনুষ্ঠানে বক্তারা বলেন, অসহায় ও ক্ষতিগ্রস্ত পরিবারের পাশে দাঁড়ানো দলের মানবিক দায়িত্বের অংশ এবং ভবিষ্যতেও এ ধরনের কার্যক্রম অব্যাহত থাকবে।